**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 15-04.2026** **Desk in Charge : SDG**

**Time : 7-35AM** **Edit. & Compile : Priya B.**

**DEO : KB** **NRT : Priya B.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রথম দফা বিধানসভা নির্বাচনের আর সপ্তাহখানেক বাকি। **#**তৃণমূল কংগ্রেস, বিজেপি, কংগ্রেস, বামফ্রন্ট সহ অন্য রাজনৈতিক দলগুলি প্রচারের গতি বাড়িয়েছে।

২/ রাজ্য সফররত দুই সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী এবং পবন কুমার শর্মা, আজ ৪টি জেলার জেলা নির্বাচনী আধিকারিকের সঙ্গে নির্বাচনের প্রস্তুতি নিয়ে বৈঠকে করবেন।

৩/ নিরপেক্ষ ও স্বচ্ছ নির্বাচন সুনিশ্চিত করার লক্ষ্যে প্রিসাইডিং, পোলিং এবং সেক্টর অফিসারদের জন্য বিস্তারিত নির্দেশিকা জারি করেছে CEO দপ্তর।

৪/ সুপ্রিম কোর্টে আজ ফের রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘভাতা সংক্রান্ত মামলার শুনানি।

৫/ বিপুল উৎসাহ উদ্দীপনায়, আজ পয়লা বৈশাখে ১৪৩৩ বঙ্গাব্দের আবাহনে মেতেছে গোটা বাংলা। **#** কলকাতা ময়দানে মোহনবাগান, ইস্টবেঙ্গল সহ বিভিন্ন ক্লাবের মাঠে বারপুজোর আয়োজন করা হয়েছে।

**********************************************************************

প্রথম দফা বিধানসভা নির্বাচনের আর সপ্তাহখানেক বাকি। এইসময় ভোটদাতাদের মন জয়ে বিভিন্ন রাজনৈতিক দলগুলির প্রচারাভিযান গতি পেয়েছে।

বরিষ্ঠ বিজেপি নেতা কেন্দ্রীয় **স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্** আজ উত্তরবঙ্গে একাধিক জনসভা করবেন। দলীয় সূত্রে জানা গেছে, দার্জিলিং শহরের লেবং গ্রাউন্ডে প্রথম জনসভাটি করবেন তিনি। এরপর জলপাইগুড়ির রাজগঞ্জ, আলিপুরদুয়ারের ফালাকাটা এবং কোচবিহারের তুফানগঞ্জে আরো তিনটি জনসভায় যোগ দেওয়ার কথা তাঁর।

প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী, বিজেপি নেতা **অনুরাগ ঠাকুর**, আজ দমদমে দলীয় প্রার্থীদের সমর্থনে রোড শো করবেন। বিকেলে কলকাতার কাস্টমস ক্লাবে ক্রীড়া ব্যক্তিত্বদের সঙ্গে বৈঠকে যোগ দেবেন তিনি। অন্যদিকে, বিজেপি নেত্রী, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী **স্মৃতি ইরানি** আজ হুগলিতে দলীয় প্রার্থীর সমর্থনে রোড শো করবেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী **মমতা ব্যানার্জি** আজ উত্তর দিনাজপুরের ইসলামপুরে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করবেন। শিলিগুড়ি এবং নাগরাকাটায় দুটি পদযাত্রাতেও অংশ নেবেন তিনি।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধায়, আজ দক্ষিণ ২৪ পরগনার পৈলানে জনসভা করবেন।

লোকসভায় বিরোধী দলনেতা কংগ্রেসের **রাহুল গান্ধী**'ও গতকাল উত্তর দিনাজপুরের রায়গঞ্জ, মালদার চাঁচোল এবং মুর্শিদাবাদের সামশেরগঞ্জে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন। তিনি অভিযোগ করেন, তৃণমূল এবং বিজেপি- দুটি দলই দুর্নীতিগ্রস্ত।

বামফ্রন্ট, কংগ্রেস সহ অন্য দলগুলিও আজ মিটিং মিছিল জনসভা ও রোড শো করবে।

দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়-এ রোড শো করবেন ISF প্রধান নৌশাদ সিদ্দিকি।

*********************

বিজেপি নেত্রী, কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ দলীয় কর্মসূচিতে অংশ নিতে রাজ্যে আসছেন। হুগলীর শ্রীরামপুরে স্থানীয় তাঁতিদের সঙ্গে বৈঠকের পর পূর্ব বর্ধমানের কালনায় তাঁতিদের বাড়িতে গিয়ে 'উইভার্স কার্ড' ও বিশেষ সহায়তা তুলে দেবেন।

*********************

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে রাজ্য সফররত দুই সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী এবং পবন কুমার শর্মা, আজ ৪টি জেলার, জেলা নির্বাচনী আধিকারিকের সঙ্গে বৈঠকে বসবেন। সকাল ১০টায় কলকাতা পুর নিগমের কনফারেন্স হলে জ্ঞানেশ ভারতী, কলকাতা উত্তরের জেলা নির্বাচনী আধিকারিক এবং পরে বেলা সাড়ে ১১টায় বিধাননগরে, উত্তর ২৪ পরগনা জেলা নির্বাচনী আধিকারিকের সঙ্গে বৈঠকে যোগ দেবেন।

অন্যদিকে, পবন কুমার শর্মা, সকাল ১০টায় ধনধান্যে অডিটরিয়ামে দক্ষিণ ২৪ পরগনার জেলা নির্বাচনী আধিকারিক এবং বেলা ১২টায় দক্ষিণ কলকাতায় DLRS অফিস-সার্ভে বিল্ডিং-এ কলকাতা দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিকের সঙ্গে বৈঠক করবেন।

তিনদিনের সফর শেষে আজই তাঁদের দিল্লি ফিরে যাওয়ার কথা।নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে ইতিমধ্যেই তাঁরা, দুই বর্ধমান, হুগলি, বীরভূম , মুর্শিদাবাদ, নদীয়া জেলা সফর করেন।

***********************

নিরপেক্ষ ও স্বচ্ছ নির্বাচন সুনিশ্চিত করার লক্ষ্যে প্রিসাইডিং, পোলিং এবং সেক্টর অফিসারদের জন্য বিস্তারিত নির্দেশিকা জারি করেছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। ভোটকর্মীদের সর্বদা নিরপেক্ষ এবং রাজনৈতিক প্রভাবমুক্ত থাকতে হবে। কোনও রকম উপঢৌকন বা সুবিধা নেওয়াও কঠোরভাবে নিষিদ্ধ। ভোটকেন্দ্রে নিরাপত্তা নিশ্চিত করতে কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে সমন্বয় রেখে কাজ করার উপর বিশেষ জোর দেওয়া হয়েছে।

ভোট শুরুর আগে মক পোল বাধ্যতামূলক। ভোটগ্রহণ শুরুর আগে ইভিএম ও ভিভিপ্যাট পরীক্ষা করে নিতে হবে। ভোট চলাকালীন কোনও অনিয়ম বা সমস্যা দেখা দিলে দ্রুত রিপোর্ট করার নির্দেশ দেওয়া হয়েছে। প্রয়োজনে ইসিআইনেট অ্যাপের মাধ্যমে তা জানাতে হবে।

একইসঙ্গে পোস্টাল ব্যালট ভোটিংয়ের ক্ষেত্রেও আলাদা নির্দেশিকা জারি করা হয়েছে। বাড়িতে গিয়ে ভোট নেওয়ার সময় পরিচয় যাচাই, গোপনীয়তা রক্ষা এবং নিরাপত্তা বজায় রাখার উপর জোর দেওয়া হয়েছে।

**********************

ভোটের আগে অশান্তিপ্রবণ এলাকাগুলিতে মানুষের আস্থা ফেরাতে রাজ্য সরকার জেলা প্রশাসন ও পুলিশকে একযোগে মাঠে নামার নির্দেশ দিয়েছে। মুখ্যসচিবের দফতর থেকে জারি করা নির্দেশিকায় স্পষ্ট বলা হয়েছে, অতীতের ভোটে যেখানে হিংসা বা ভয় দেখানোর অভিযোগ উঠেছিল, সেই সব এলাকা চিহ্নিত করে দ্রুত পরিদর্শন করতে হবে। জেলা শাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার এবং পুলিশ সুপারদের যৌথভাবে এই কাজ করতে হবে।

আগামী ২ থেকে ৩ দিনের মধ্যে এই সব এলাকায় সরেজমিনে পরিদর্শন করে, সেই রিপোর্ট আগামীকাল (১৬ই এপ্রিল) বিকেল ৫টার মধ্যে জমা দিতে বলা হয়েছে।

**********************

নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুসারে মেনে ভোটের মুখে বাকি থাকা গ্রেফতারি পরোয়ানা দ্রুত কার্যকর করার জন্য কলকাতা পুলিশের অধীনস্ত সব থানাকে নির্দেশ দিয়েছে লালবাজার। জামিনঅযোগ্য এবং জামিনযোগ্য গ্রেফতারি পরোয়ানাগুলি নিয়ে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে, সংশ্লিষ্ট থানাগুলিকে তা দ্রুত জানাতে বলা হয়েছে। দায়িত্ব পালনের ক্ষেত্রে পুলিশ কর্মীদেরও সতর্কতা অবলম্বন করতে বলা হয়েছে।

**********************

রাজ্যে বিধানসভা নির্বাচনে মনোনয়ন পত্র ঝাড়াই-বাছাই এবং প্রার্থীপদ প্রত্যাহারের প্রক্রিয়া শেষ হবার পর, দুই দফা মিলিয়ে মোট ২'হাজার ৯২৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন। এর মধ্যে প্রথম দফায় ১৫২ টি আসনের জন্য ১ হাজার চারশো ৭৮ জন এবং দ্বিতীয় দফায় ১৪২টি আসনের জন্য রয়েছেন ১ হাজার চারশো ৪৮ জন প্রার্থী। প্রথম দফায় ১৬ টি জেলায় ২৩ শে এপ্রিল এবং দ্বিতীয় দফায় ৭'টি জেলায় ২৯শে এপ্রিল ভোট নেওয়া হবে।

**********************

সুপ্রিম কোর্টে আজ ফের রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘভাতা সংক্রান্ত মামলার শুনানি। বিচারপতি সঞ্জয় কারোল ও বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রার বেঞ্চে দুপুরে এই মামলার শুনানি হবে।

এর আগে গত ৫ ফেব্রুয়ারি শীর্ষ আদালত, বকেয়া মহার্ঘ্য ভাতার ২৫ শতাংশ অবিলম্বে মিটিয়ে দেওয়ার নির্দেশ দেয়। বাকি ৭৫ শতাংশ ডিএ মেটানোর রূপরেখা তৈরির জন্য একটি কমিটি গঠন করে দেয় আদালত। নির্দেশে আরও বলা হয় ৭৫ শতাংশ বকেয়ার প্রথম কিস্তি ৩১শে মার্চের মধ্যে মিটিয়ে দিতে হবে। সেই সময়সীমা ৩১ শে ডিসেম্বর পর্যন্ত বাড়ানোর আবেদন জানিয়ে সর্বোচ্চ আদালতের দ্বারস্থ হয়েছিল রাজ্য।

ইতোমধ্যেই কর্মচারীদের বকেয়া মহার্ঘভাতা মিটিয়ে দেওয়ার প্রক্রিয়া শুরু করেছে রাজ্য সরকার। সেই সংক্রান্ত একটি স্টেটাস রিপোর্ট রাজ্য সরকার আজ শীর্ষ আদালতে জমা দেবে। জানা গেছে, ২০০৮ সালের এপ্রিল ২০১৯ সাল পর্যন্ত ১৪১ মাসের বকেয়া ডিএ মেটাতে কয়েক লক্ষ কর্মচারী ও পেনশন প্রাপকের তথ্য সংগ্রহের কাজে, বিধানসভা নির্বাচনের জন্য কিছুটা সময় লাগছে বলে ওই রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

এদিকে, রাজ্য বাজেটে এপ্রিল মাস থেকে চার শতাংশ ডিএ দেওয়ার কথা ঘোষণা করা হলেও এখনও পর্যন্ত অর্থ দপ্তরের তরফে এসংক্রান্ত কোনো নোটিশ জারি না হওয়ায় থাকায় শিক্ষক মহলে অসন্তোষের সৃষ্টি হয়েছে। শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী, শুধুমাত্র ভোটের দিকে তাকিয়েই এই ঘোষণা কি না সেই নিয়ে প্রশ্ন তুলেছেন। মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির সাধারণ সম্পাদক বাসুদেব দাস অবিলম্বে বিজ্ঞপ্তি প্রকাশের দাবি জানিয়েছেন। একই দাবিতে অর্থ দপ্তরে চিঠি পাঠিয়েছেন All Post Graduate Teachers' Welfare Association এর সম্পাদক চন্দন গড়াই।

**********************

বিপুল উৎসাহ উদ্দীপনায়, নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে ১৪৩৩ বঙ্গাব্দের আবাহনে মেতেছে গোটা বাংলা। জীর্ণ-পুরাতনকে বিদায় জানিয়ে নতুন উদ্যমে নবারম্ভের মন্ত্রে সূচিত হচ্ছে

আজ পয়লা বৈশাখ। রাজ্যের নানা প্রান্তে আয়োজিত হচ্ছে প্রভাত ফেরি, শোভাযাত্রা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। নতুন বস্ত্র পরে বর্ষবরণে সামিল কচিকাচারা। ব্যবসায়িক প্রতিষ্ঠান ও দোকানগুলিতে সিদ্ধিদাতা গণেশ ও লক্ষ্মীর আরাধনা চলছে। দক্ষিনেশ্বর, কালীঘাট সহ বিভিন্ন মন্দিরে সকাল থেকেই হালখাতার পুজো দিতে লম্বা লাইন। গঙ্গায় পুন্যস্নানের পর আরাধ্যকে ফুল, প্রসাদ নিবেদন করে নতুন বছর শুরুর লক্ষ্যে মন্দির প্রাঙ্গনে ভিড় জমিয়েছেন বহু মানুষ। রকমারি মিষ্টির পসরা সাজিয়ে বসেছেন দোকানিরা। সোনার গয়নার দোকানগুলিতেও কেনাকাটার ওপর বিশেষ ছাড় দেওয়া হচ্ছে গ্রাহকদের।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিজিত )

এদিকে, প্রতি বছরের মতো এবারও পয়লা বৈশাখের সকালে কলকাতা ময়দানে মোহনবাগান, ইটবেঙ্গল সহ বিভিন্ন ক্লাবের মাঠে বার পূজার আয়োজন করা হয়েছে। ফুটবল দলের সাফল্য কামনায় দীর্ঘ দিনধরেই বার পুজো করা হয়ে থাকে। প্রাক্তন ও বর্তমান ফুটবলার ছাড়াও দলের সমর্থকরা উপস্থিত রয়েছেন সেখানে।

পয়লা বৈশাখ উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন রাজ্যপাল আর এন রবি এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

**********************

বাংলা নববর্ষের সূচনা উপলক্ষে আজকের প্রসঙ্গের এবারের বিষয় “ইতিবৃত্তে বাংলা নববর্ষ।" প্রাবন্ধিক ও ইতিহাসের গবেষক পল্লব মুখোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা পরিষেবা ও আকাশবাণী সংবাদের সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

**********************

ট্রামের হাত ধরে নতুন বছরকে স্বাগত জানাতে বৈশাখী ট্রামযাত্রার আয়োজন করছেন শহরের ট্রামপ্রেমীরা। বিলুপ্তির পথে যেতে বসা দূষণহীন এই যানকে আধুনিক গণপরিবহনের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে পুনরুজ্জীবনের দাবিতেই এই উদ্যোগ। এই বৈশাখী ট্রামযাত্রায় গড়িয়াহাট থেকে ধর্মতলা হয়ে শ্যামবাজার পর্যন্ত সুসজ্জিত তিনটি ট্রাম চলবে। এর মধ্যে রয়েছে ১৯৪০ সালে কাঠের তৈরি একটি ট্রামও।

কলকাতা ট্রাম ইউজার্স অ্যাসোসিয়েশনের তরফে মহাদেব শী বলেন, মাত্র দুটি রুটে নিয়ম রক্ষায় ট্রাম চালাচ্ছে সরকার। সাম্প্রতিক সময়ে দূষণ ও জ্বালানি সমস্যার প্রেক্ষিতে বিদেশের মতো কলকাতাতেও ট্রামের পুনরুজ্জীবন জরুরি।

এই উপলক্ষ্যে এক অনুষ্ঠানে অংশ নেবেন কলকাতার শেরিফ ও চিত্র পরিচালক গৌতম ঘোষ, নাট্য ব্যক্তিত্ব রুদ্রপ্রসাদ সেনগুপ্ত, বাংলাদেশের চিত্র পরিচালক তনভির মোকাম্মেল সহ বিশিষ্ট ব্যক্তিরা।

**********************

বৈশাখের শুরুতে দক্ষিণবঙ্গের সর্বত্রই গরম ও অস্বস্তিকর আবহাওয়ার সতর্কতা রয়েছে। তবে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির সম্ভাবনাও রয়েছে।
আগামীকাল পর্যন্ত দিনের তাপমাত্রা কোথাও আরও দুই ডিগ্রি বাড়তে পারে এবং রবিবার পর্যন্ত তা প্রায় অপরিবর্তিত থাকবে।
পশ্চিমের জেলাগুলিতে গরম কিছুটা বেশি থাকবে, একইসঙ্গে আজ পুরুলিয়া, বাঁকুড়া ঝাড়গ্রাম, পূর্ব মেদিনীপুর ও পশ্চিম বর্ধমান জেলায় রয়েছে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা। উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, কালিম্পং ও আলিপুরদুয়ার জেলায় বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি ঝড়-বৃষ্টির পূর্বাভাস রয়েছে।
আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৬ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস- স্বাভাবিকের থেকে যা এক দশমিক তিন ডিগ্রি বেশি।

*******************************************************************